

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৯৩

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - মৃত ব্যক্তির দাফনের বর্ণনা

আরবী

عَنْ عَامِرِ بْنِ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ أَن سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ قَالَ فِي مَرَضِهِ الَّذِي هَلَكَ فِيهِ: أَلْحِدُوا لِي لَحْدًا وَانْصِبُوا عَلَى اللَّبِنِ نَصْبًا كَمَا صُنِعَ بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

১৬৯৩-[১] 'আমির ইবনু সা'দ ইবনু আবৃ ওয়াঞ্চ্কাস (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, তার পিতা সা'দ ইবনু আবী ওয়াঞ্চ্কাস (রাঃ)মৃত্যুশয্যায় রোগাক্রান্ত অবস্থায় বলেন, আমাকে দাফন করার জন্য লাহদ (বগলী) কবর তৈরি করবে। রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দাফন করার জন্য যেভাবে কবর খোঁড়া হয়েছিল সেভাবে আমার উপরেও কাঁচা ইট দাঁড় করিয়ে দেবে। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৯৬৬, নাসায়ী ২০০৭, ইবনু মাজাহ্ ১৫৫৬, আহমাদ ১৪৫০, সুনানুল কুবরা লিল বায়হাক্কী ৬৬১৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস দ্বারা প্রতীয়মান হয় যে, লাহদ কবর দেয়া উত্তম। কেননা সাহাবীগণের ঐকমত্যে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে লাহদ কবরে দাফন করা হয়েছিল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন